

া সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০১

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪৮. অযুর শুরুতে বিস্মিল্লাহ বলা

باب التَّسْمِيَةِ عَلَى الْوُضُوءِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مُوسَى، عَنْ يَعْقُوبَ بْنِ سَلَمَةَ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " لَا صَلَاةَ لِمَنْ لَا وُضُوءَ لَهُ وَلَا وُضُوءَ لِمَنْ لَمْ يَذْكُر اسْمَ اللهِ تَعَالَى عَلَيْهِ ".

_ صحیح

বাংলা

১০১। আবূ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ঐ ব্যক্তির সালাত হয় না যে (সঠিকভাবে) অযু করে না এবং ঐ ব্যক্তির অযু হয় না যে তাতে আল্লাহর নাম নেয় না।[1]

সহীহ।

English

Narrated AbuHurayrah:

The Messenger of Allah (ﷺ) said: The prayer of a person who does not perform ablution is not valid, and the ablution of a person who does not mention the name of Allah (in the beginning) is not valid.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উযুর সময় বিসমিল্লাহ বলা, হাঃ ৩৯৯) ইবনু আবূ ফুদাইক থেকে, আহমাদ (২/৪১৮) উভয়েই মুহাম্মাদ ইবনু মূসা ইবনু আবূ 'আবুল্লাহ সূত্রে। সাঈদ ইবনু যায়িদ এর সূত্রে এর



শাহিদ হাদীস রয়েছে, এবং তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উযুর সময় বিসমিল্লাহ বলা প্রসঙ্গে, হাঃ ২৫, ইমাম তিরমিয়ী বলেন, আহমাদ ইবনু হাম্বল বলেছেন, এ অনুচ্ছেদে ভাল সনদে বর্ণিত কোনো হাদীস আছে বলে আমি জানি না)। আহমাদ শাকির বলেন, বরং সাঈদ ইবনু যায়িদ-এর সানাদটি জাইয়িদ (ভালো)। এছাড়াও ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ উযুতে বিসমিল্লাহ বলা, হাঃ ৩৯৭)।

হাদীস থেকে শিক্ষাঃ

- 🕽 । পবিত্রতা ছাড়া সালাত শুদ্ধ হবে না। এ ব্যাপারে ইজমা (ঐকমত্য) হয়েছে।
- ২। উযুতে বিসমিল্লাহ বলা সুন্নাত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন